

23

২০/

ইসলামী বিশ্ববিদ্যালয়ের কতিপয়
কর্মচারী বিপাকে ॥ ভিসির

অভিযোগ অস্বীকার

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাজে কর্মচারীদের যোগদানে বাধা দেওয়ার অভিযোগ পাওয়া গিয়াছে। তবে ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ডঃ মোহাম্মদ সিরাজুল ইসলাম গতকাল কুষ্টিয়া সার্কিট হাউসে এক সাংবাদিক সম্মেলনে বলেন, কাজে বাধা দেওয়ার কোন ঘটনা ঘটে নাই। ব্যক্তিগত বিবাদের কারণে ১১ জন কর্মকর্তা-কর্মচারী চাকরি ছাড়া গিয়াছেন। এদিকে কুষ্টিয়া ফেরত বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ কর্মকর্তা আতাউল হকসহ কয়েকজন কর্মচারী গত শুক্রবার রাতে ইত্তেফাক অফিসে (৯ম পৃঃ প্রঃ)

কর্মচারীরা বিপাকে

(পৃষ্ঠার পর)

আসিয়া জানান, কর্তৃপক্ষের নির্দেশ অনুযায়ী ৭ই ফেব্রুয়ারী কুষ্টিয়া পৌঁছিলে তাহাদেরকে প্রাণনাশের হুমকি দেওয়া হয়। বলা হয়, রাজশাহী, খিনাইদহ ও কুষ্টিয়ার অধিবাসী নয় এমন কর্মকর্তা ও কর্মচারীকে ইসলামী বিশ্ববিদ্যালয়ে চাকরী করিতে দেওয়া হইবে না। হুমকির মুখে কুষ্টিয়া হইতে আসিয়া ১৬ জন কর্মকর্তা, কর্মচারী এ ব্যাপারে চ্যান্সেলরের নিকট আবেদন করিয়াছেন। আবেদনপত্রে হুমকি প্রদর্শনকারী হিসাবে কেয়ারটেকার হাবিবুর রহমান, সালাহউদ্দিন, ডাইভার শহীদুল ইসলাম এবং কতিপয় সশস্ত্র বাহিরাগতদের বিরুদ্ধে অভিযোগ করা হয়। আবেদনপত্রে বলা হয়, তাহাদের হামলায় গার্ড মোঃ শহীদুল্লাহসহ ৩ জন আহত হন। এ ব্যাপারে ভাইস চ্যান্সেলরের দৃষ্টি আকর্ষণ করা হইলে তিনি কর্মকর্তা-কর্মচারীদেরকে কুষ্টিয়া ত্যাগ করার পরামর্শ দেন বলিয়া আবেদনপত্রে উল্লেখ করা হইয়াছে।